তারিখ ঃ জুন ' ২০২৬ইং

| বাস্তবায়ন | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|
| ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প ঃ<br>এ প্রকল্পের আওতায় মেঘনা নদীর পশ্চিমতীরে বিশনন্দী পয়েন্ট হতে দৈনিক ৫০ কোটি লিটার পানি উত্তোলন পূর্বক পরিশোধন করে তা ঢাকা মহানগরীতে সরবরাহ করা হবে। উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি, এএফডি ও ইআইবি এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকার ও ঢাকা ওয়াসা'র নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়িত হচ্ছে। মূল DPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল অক্টোবর, ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। ১৭/০৮/২০২৫ ইং তারিখে ECNEC সভায় অত্র প্রকল্পের ৩য় সংশোধিত DPP অনুমোদিত হয়েছে। যেখানে সংশোধিত (৩য়) DPP অনুযায়ী মেয়াদ জুন ২০২৭ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ১০৯৭৩.৫৪ কোটি টাকা। | <u>৩য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ঃ</u><br>ক) ভৌত অগ্রগতি ঃ ৯০.৫৫% । খ) আর্থিক অগ্রগতি ঃ ৬৯.৮১% ।<br><u>অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতি ঃ</u><br>• <u>প্যাকেজ-১ (DBO-Intake, RWP, WTP)</u><br>Design and Build (D&B) contract এর আওতায় দৈনিক ১০৫ কোটি লিটার পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন Intake স্থাপনাসহ ৫২.৫০ কোটি লিটার পানি সঞ্চালনের জন্য Intake Pumping Station, ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট ২ x ২২ কিঃ মিঃ Raw Water Pipeline এবং ৫০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগার (WTP) নির্মাণ কাজ বাস্তবায়নাধীন আছে। ঠিকাদার কর্তৃক বর্তমানে মোবিলাইজেশন কাজ চলমান আছে। বর্ণিত উপাংশ সমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ ঃ<br>সার্বিক ভৌত অগ্রগতি ৯৭.০৩% (ইনটেক নির্মাণ ঃ ৯৭.৯১%, Raw Water Pipeline (RWP) স্থাপন ঃ ৭৮.২৪%, পানি শোধনাগার (WTP) নির্মাণঃ ৯৯.১৪%)।<br>• <u>প্যাকেজ-২ (Treated Water Pipeline)</u><br>গন্ধর্বপুরে নির্মাণাধীন পানি শোধনাগার এর ডেলিভারী পয়েন্ট হতে ২ x ১৪ কিঃ মিঃ দীর্ঘ টুইন ট্রান্সমিশন (১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট) পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষ্যা ও বালু নদীর তলদেশ দিয়ে অতিক্রম (মাইক্রো টানেলিং রিভার ক্রসিং পদ্ধতিতে) করে মাদানী এভিনিউ হয়ে ঢাকার বারিধারা ভাটারা থানা নতুন বাজার পয়েন্ট পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ শেষ হয়েছে। শীতলক্ষ্যা ও বালু নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের (লঞ্চিং ও রিসিভিং) শ্যাফট এবং পাইপ জ্যাকিং কাজ প্যাকেজের (সেকশন-A, B, C ও নদী ক্রসিংসহ মোট ১৪ কি: মি:) শেষ হয়েছে। অগ্রগতি ঃ ১৬.৬৯ কিঃমিঃ শেষ হয়েছে।<br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ৯৯%।<br>• <u>প্যাকেজ-৩.১ (Primary Distribution Reinforcement Line)</u><br>প্যাকেজ-৩.১ এর আওতায় সর্বমোট ৭টি সেগমেন্টে বিভক্ত করে যথাক্রমে নতুন বাজার হতে রামপুরা ব্রীজ (সেকশন-ডি), নতুন বাজার হতে কাকলী-বনানী (সেকশন-ই), নতুন বাজার হতে কুড়িল বিশ্বরোড (সেকশন-এফ), কুড়িল বিশ্বরোড হতে ইসিবি চত্বর ভায়া জিয়া কলোনী (সেকশন-জি), কুড়িল বিশ্বরোড হতে আব্দুল্লাহপুর ভায়া এয়ারপোর্ট ও উত্তরা (সেকশন-এইচ), উত্তরা মাস্কট প্লাজা হতে রূপায়ন সেন্টারের সম্মুখে খালপাড় পর্যন্ত (সেকশন-জে) এবং উত্তরা জসীমউদ্দিন রোড (সেকশন-কে) এলাকায় ১৬০০ মিঃমিঃ হতে ৪৫০ মিঃমিঃ ব্যাসের (DI এবং HDPE) কমবেশী ২২.০০ কিঃমিঃ Distribution Reinforcement পাইপ লাইন নির্মাণ কাজ।<br>প্যাকেজের (সেকশন-D, E, F,G, H, J, K পাইপ লাইনের মোট দৈর্ঘ্য ২১,৩১৮ মিঃ অগ্রগতিঃ ৮৮০৬.৪৯৫ মিঃ ) পাইপ লেইং কাজ।<br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ৪৭.৫০%।<br>• <u>প্যাকেজ-৩.২ (Secondary Distribution Reinforcement Line)</u><br>প্যাকেজ-৩.২ এর আওতায় সেকশন-C1 ভাটারা মন্দির রোড, D1বাড্ডা সাতারকুল রোড, D2 গুলশান বাড্ডা লিংক রোড, D3 বাড্ডা পোষ্ট অফিস রোড, E1 বনানী সৈনিক ক্লাব রোড, E1.1 সৈনিক ক্লাব কচুক্ষেত রোড, E1.2 ইব্রাহিমপুর কাফরুল মিরপুর ১৪ রোড, F1 কালাচাঁদপুর রোড, F2 বসুন্ধরা রোড, F2.1&F2.2 বসুন্ধরা আবাসিক এলাকা, G2 মাটিকাটা ভাষানটেক দেওয়ানপাড়া রোড, G3 মাটিকাটা বাজার রোড, G4 ইসিবি চত্বর হতে বালুঘাট বাজার মানিকদী বাউনিয়া রোড, H2 হাজীক্যাম্প এয়ারপোর্ট আশকোনা রোড, H3 কসাইবাড়ি শহীদ লতিফ রোড, H5 শাহজালাল এভিনিউ শাহকবির মাজার রোড, J1 উত্তরা পশ্চিম থানা রোড, J1.1 রানাভোলা রোড এভিনিউ, J1.2 রানাভোলা বামনার টেক রোড, J2 উত্তরা ৬/সি রোড, J3 উত্তরা খালপাড় টু দিয়াবাড়ি গোলচত্বর, K1 কবি নজরুল উদ্দিন রোড, K2 কবি জসীম উদ্দিন পাক্কার মাথা টু প্রিয়াংকা রানওয়ে সিটি এবং K2.1 & K2.2 উত্তরা ৩য় ফেইজ এলাকায় ৩৫৫ মিঃ মিঃ হতে ৮০০ মিঃমিঃ ব্যাসে কমবেশী ৪০.৯০ কিঃমিঃ ফিডার পাইপ লাইন নির্মাণ কাজ। অগ্রগতি ঃ ২১.৬১ কিঃমিঃ।<br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ৫৭.৫০%<br>• <u>প্যাকেজ-২.৭ (MODS Zone-6 এর আওতায় ১৬টি DMA তে প্রায় ৪৯৭ কিঃমিঃ পাইপ লাইন নেটওয়ার্ক পরিবর্তন, বর্ধিতকরণ, স্থাপন)</u><br>মড্স জোন-৬ এলাকায় স্থাপিত ১৬ টি DMA (District Metered Area) -তে মোট ৪৯৭ কিঃমিঃ HDPE পাইপ লাইন স্থাপন, সার্ভিস কানেকশন প্রদান প্রভৃতি কাজ গত ৩০ জুন ২০২১ তারিখে সম্পন্ন ও কমিশনিং করে মড্স জোন-৬ এর নিকট হস্তান্তর করা হয়েছে।<br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ১০০%।<br>• <u>প্যাকেজ-ADF Grant: (Strengthening Access of women and vulnerable groups in selected slums to imporve water and sanitation services)</u><br>➢ ২০২৩ সালে নিয়োগকৃত ৬ জন Individual Consultants এর ১ জনের চুক্তির মেয়াদ ও দায়িত্ব জানুয়ারী-২০২৪ নাগাদ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৫(পাঁচ) জনের মেয়াদ ও দায়িত্ব ৩১ মার্চ ২০২৬ নাগাদ সমাপ্ত হয়েছে।<br>➢ ২০২৩ সালে নিয়োগকৃত Social Awareness and Legal Empowerment জন্য ২(দুই) টি NGO কাজ করছে, যাদের মেয়াদ ও দায়িত্ব মার্চ-২০২৬ এ সমাপ্ত হয়েছে।<br>➢ মোট ৭ (সাত) টি প্যাকেজের মধ্যে প্রথম পর্যায়ে ৪ (চার) টি লটের মোট ৩৫৭ টি Community Toilet & Bathing Block নির্মাণ কাজ জানুয়ারী ২০২৬ এ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৩ (তিন) টি লটের মোট ২১৬ টির নির্মাণ কাজ ফেব্রুয়ারী ২০২৬ এ সমাপ্ত হয়েছে। সর্বমোট ৫৭৩ টি WASH Block এর নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে (টয়লেট চেম্বার-৯৪৪ টি, গোছলখানা-৬০১ টি, মোট চেম্বার <u>১৫৪৫ টি এবং রেনোভেশন কাজ ৫টি)</u>।<br>➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ১০০%।<br>• <u>পরামর্শক নিয়োগ (MDSC)</u><br>➢ প্রকল্পের নতুন পরামর্শক হিসেবে Fichtner GmbH & Co.KG এর সাথে গত ১০ই মে ২০২৬ তারিখে চুক্তি হয়েছে। বর্তমানে পরামর্শক টীম কর্তৃক সাইট সুপারভিশনে ও ডকুমেন্ট রিভিউ কাজ চলমান আছে। |

02/07/2026
Engr. Md. Tarikul Islam
Assistant Engineer
PMU, DESWS Project
Dhaka WASA

02.7.26
Mahrin Binte Islam
Executive Engineer
PMU, DESWS Project
Dhaka WASA

02/07/2026

ঢাকা ওয়াসা